

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৫. ২. চোর ও তার বংশকে পুড়িয়ে মারা

যুদ্ধের সময় শক্রবাহিনীর মানুষ, পশু ও সম্পদ পুড়িয়ে ফেলার নির্দেশ দিয়েছে বাইবেল; কারণ সেগুলো অভিশপ্ত (accursed) বা ধ্বংসের বদদোয়াপ্রাপ্ত। কেউ এরপ কিছু দ্রব্য চুরি করলে তাকে ও তার আত্মীয়দেরকে পুড়িয়ে মারতে হবে। ঈশ্বরের নির্দেশনা নিম্নরূপ: "যা ধ্বংসের বদদোয়ার অধীন (অভিশপ্ত দ্রব্য: accursed thing) তা যে লোকটার কাছে আছে বলে ধরা পড়বে তাকে তার সব কিছু সুদ্ধ আগুনে পুড়িয়ে ফেলতে হবে। সে মাবুদের ব্যবস্থা অমান্য করেছে এবং এমন একটা কাজ করেছে যা বনি-ইসরাইলদের পক্ষে একটা লজ্জার ব্যাপার। ... এহুদা গোষ্ঠীর কর্মির ছেলে আখন ধরা পড়ল। ... তখন সমস্ত বনি-ইসরাইল প্রথমে আখনকে ও পরে তার পরিবারের সবাইকে পাথর ছুড়ে হত্যা করল। তারপর সব কিছু সুদ্ধ তাদের পুড়িয়ে ফেলল।" (ইউসা/যিহোশূয় ৭/১৫, ১৮, ২৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14407

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন